

ত্রিপুরা সরকার
খাদ্য, জনসংভরণ ও ক্রেতাস্বার্থ বিষয়ক দপ্তর

নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তি

জানুয়ারী ১২, ২০১৬

এতদ্বারা সংশ্লিষ্ট অবগতির জন্য জানানো যাচ্ছে যে, খাদ্য দপ্তর কর্তৃক ১৪ই মে ২০১৫ ইং জারি করা নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তি মূলে খোয়াই জেলার যে সকল প্রার্থীরা দপ্তরের সিনিয়র স্টোরগার্ড (দিবারাত্র খাদ্য গুদাম পাহারা দেবার জন্য) পদে চাকরির জন্য নিজ নিজ মহকুমায় আবেদনপত্র জমা দিয়েছিলেন, তাদের ওয়াক-ইন-ইন্টারভিউ আগামী ২০শে জানুয়ারী, ২০১৬ ইং থেকে নিম্নলিখিত সময়সূচী অনুযায়ী অনুষ্ঠিত হবে:-

ইন্টারভিউর স্থান ও সময়	তারিখ	আবেদনপত্র জমা দেওয়ার সময় সংশ্লিষ্ট মহকুমা শাসক কার্যালয় থেকে প্রাপ্ত টোকেন নম্বর	
[সময় : প্রতিদিন সকাল ১১টা থেকে বিকাল ৪টা পর্যন্ত]	২০/০১/২০১৬	তেলিয়ামুড়া মহকুমা	টোকেন নম্বর ০১ থেকে ১১৪৩
		খোয়াই মহকুমা	টোকেন নম্বর ০১ থেকে ২০০
	২১/০১/২০১৬	খোয়াই মহকুমা	টোকেন নম্বর ২০১ থেকে ১২৮০
	২২/০১/২০১৬	খোয়াই মহকুমা	টোকেন নম্বর ১২৮১ থেকে ২৩৫১


বি.দ্র- ১। অন্যান্য জেলায় অনুষ্ঠিতব্য ইন্টারভিউর সময়সূচী পরবর্তী সময়ে বিজ্ঞাপিত করা হবে।

২। প্রার্থীদের অনুরোধ করা হচ্ছে, ইন্টারভিউর সময় সমস্ত অরিজিন্যাল কাগজপত্র, আবেদনপত্র জমা দেওয়ার প্রমাণ স্বরূপ প্রাপ্ত টোকেন, সচিত্র ভোটার পরিচয়পত্র সঙ্গে রাখার জন্য। কারোর ভোটার পরিচয় না থাকলে অন্য কোন সচিত্র পরিচয়পত্র সঙ্গে রাখতে হবে। বিশেষ করে মাধ্যমিক পরীক্ষার এডমিট কার্ড ও মার্কশীট (অরিজিন্যাল) অবশ্যই সঙ্গে রাখতে হবে।

৩। ইন্টারভিউর দিন সংশ্লিষ্ট প্রার্থীদের যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হচ্ছে। টোকেনধারী প্রার্থীদের জানানো যাচ্ছে যে, ইন্টারভিউর দিন নির্দিষ্ট টোকেনের সিরিয়াল নম্বর অনুযায়ী ডাকা হবে। তাই অগ্রিম লাইন ধরার প্রয়োজন নেই।

৪। ইন্টারভিউর প্রক্রিয়া যেকোন সময় কোনরকম কারণ দর্শানো ছাড়াই পরিবর্তিত কিংবা বাতিল করা যেতে পারে।

৫। ইন্টারভিউতে অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন টি.এ/ডি.এ. দেওয়া হবে না।


অধিকর্তা 12.1.2016.

খাদ্য, জনসংভরণ ও ক্রেতাস্বার্থ বিষয়ক দপ্তর